গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ
(এনটিআরসিএ)

বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ কর্তৃক আয়োজিত সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা ২০২১-২০২২ অনুযায়ী সেবা প্রদান বিষয়ে অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে অবহিতকরণ সভার কার্যবিবরণী।

| | |
|---|---|
| সভাপতি | মোঃ এনামুল কাদের খান<br>চেয়ারম্যান |
| সভার তারিখ | ২৮ মে, ২০২২ খ্রিস্টাব্দ। |
| সভার সময় | সকাল ১১.০০ টা |
| স্থান | উপজেলা পরিষদ মিলনায়তন, সিংগাইর, মানিকগঞ্জ। |
| উপস্থিতি | পরিশিষ্ট 'ক' |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি মাঠ পর্যায়ের কর্মকর্তা ও অংশীজনদের বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এন.টি.আর.সি.এ.) প্রতিষ্ঠার পর থেকে সহযোগিতা করার জন্য কৃতজ্ঞতা জানান। আগামী দিন গুলোতেও এ ধারা অব্যাহত থাকবে মর্মে তিনি আশা প্রকাশ করেন। সভাপতি সুশাসন প্রতিষ্ঠার লক্ষ্যে জাতীয় শুদ্ধাচার কৌশল, সেবা প্রদান প্রতিশ্রুতি, অভিযোগ প্রতিকার ব্যবস্থা, তথ্য অধিকার আইন অনুযায়ী কার্যক্রম গ্রহণের ক্ষেত্রে সকল অংশীজনের ভূমিকার উপর গুরুত্বারোপ করেন।

সচিব, এন.টি.আর.সি.এ. সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে নির্দেশনা সমূহ পাওয়ার পয়েন্টে উপস্থাপন করেন। তিনি এনটিআরসিএ-র সিটিজেন চার্টার অনুযায়ী শিক্ষক নিবন্ধন, পরীক্ষা গ্রহণ ও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে প্রবেশ পর্যায়ে শিক্ষক নিয়োগ সুপারিশ কার্যক্রমে এন.টি.আর.সি.এ. 'র ভূমিকা ও কার্যক্রম সম্পর্কে উপস্থিত সকলকে অবহিত করেন।

সভায় আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

| আলোচ্য সূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১. চতুর্থ গণবিজ্ঞপ্তি বিষয়ক আলোচনা। | দস্য (শিক্ষাতত্ত্ব ও শিক্ষামান) জানান চতুর্থ নিয়োগ বিজ্ঞপ্তির কার্যক্রম সঠিকভাবে সম্পাদনের জন্য ইতোমধ্যে ই-রেজিস্ট্রেশনের কার্যক্রম শুরু করা হয়েছে। পত্রিকায় বিজ্ঞপ্তিও প্রকাশ করা হয়েছে। ই-রেজিস্ট্রেশন শেষ হলে ই-রিকুইজিশন এর কাজ শুরু করা হবে। ইতোমধ্যে টেলিটক বাংলাদেশ লিমিটেড এর সাথে সভা করা হয়েছে। ই-রিকুইজশনের অর্থাৎ শূন্য পদের চাহিদা প্রাপ্তির পর মন্ত্রণালয়ের নির্দেশনা নিয়ে চতুর্থ গণবিজ্ঞপ্তি প্রকাশ করা হবে। ৩১ মে, ২০২২ তারিখ ই-রেজিস্ট্রেশনের সর্বশেষ তারিখ নির্ধারিত আছে। | ই-রেজিস্ট্রেশন কার্যক্রম সম্পন্ন হওয়ার পর ই-রিকুইজিশনের কার্যক্রম শুরু করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়। | এন.টি.আর.সি.এ. |

| | | | |
|---|---|---|---|
| ২. বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের বিষয় ভিত্তিক শূন্যপদের তালিকা প্রেরণ সম্পর্কিত আলোচনা | বেসরকারী শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ- এর শিক্ষাতত্ত্ব ও শিক্ষামান অনুবিভাগের সদস্য, জনাব এ বি এম শওকত ইকবাল শাহীন সভাকে অবহিত করেন যে, এন.টি.আর.সি.এ. কর্তৃক নিবন্ধন পরীক্ষা গ্রহণ করা হয়। পরীক্ষা শুরুর পূর্বে বিষয় ভিত্তিক শূন্যপদের তালিকা প্রয়োজন।<br>এন.টি.আর.সি.এ. কর্তৃক প্রদত্ত ছক অনুযায়ী জেলা শিক্ষা অফিসারগণ EIIN নম্বরধারী ই-নিবন্ধিত বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানসমূহের শিক্ষকগণের শূন্যপদের তালিকা সংগ্রহপূর্বক সঠিকতা যাচাই করে এন.টি.আর.সি.এ. বরাবর প্রেরণ করবেন। বেসরকারি শিক্ষক নিবন্ধন পরীক্ষা গ্রহণ ও প্রত্যয়ন বিধিমালা ২০০৬ এর ৩ক বিধি অনুযায়ী জেলা শিক্ষা অফিসারগণ তার সংশ্লিষ্ট উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের নিকট হতে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের বিষয় ভিত্তিক শূন্যপদের তালিকা সংগ্রহ করবেন এবং তার যথার্থতা যাচাইপূর্বক প্রতি বছর ৩০ নভেম্বরের মধ্যে এন.টি.আর.সি.এ. কার্যালয়ে প্রেরণ করবেন। | এন.টি.আর.সি.এ. কর্তৃক প্রদত্ত ছক অনুযায়ী বিষয়ভিত্তিক শূন্য পদের তালিকা নির্ধারিত সময়ের মধ্যে প্রেরণ করতে হবে। | এন.টি.আর.সি.এ. |

| | | | |
|---|---|---|---|
| ৩. ই-রিকুইজিশন সংক্রান্ত আলোচনা | সদস্য (শিক্ষাতত্ত্ব ও শিক্ষামান) বলেন ই-রিকুইজিশান প্রদানের ক্ষেত্রে এন.টি.আর.সি.এ. কর্তৃক প্রদত্ত সময়সীমার মধ্যে প্রেরিত শূন্য পদের প্রতিষ্ঠানভিত্তিক ছক এমপিও এনং নন-এমপিও পদ বিন্যাসে স্পষ্টতা ও সঠিকতার বিষয়টি জেলা শিক্ষা অফিসারগণ নিশ্চিত করবেন। তিনি শূন্যপদের চাহিদা প্রেরণের ক্ষেত্রে সৃষ্ট জটিলতাসমূহ উল্লেখ করেন তা নিম্নরুপ:-<br>(ক) জনবল কাঠামো ও MPO নীতিমালা সম্পর্কে সুস্পষ্ট ধারণা না থাকায় প্রতিষ্ঠান প্রধানগণ ই-রিকুইজিশন প্রদানকালে ভুল চাহিদা প্রদান করেন।<br>(খ) মহিলা কোটা পূরণ করার সময় পৌর এলাকা এবং পৌর এলাকার বাইরের নির্ধারিত % না বুঝে চাহিদা প্রদান করেন এবং মহিলা কোটা পূরণ না করে পুরুষ প্রার্থীর জন্য চাহিদা প্রেরণ করেন।<br>(গ) প্রতিষ্ঠান প্রধানগণ **নন-এমপিও** পদকে ভুল করে **এমপিও** পদ হিসেবে উল্লেখ করে চাহিদা দেন।<br>(ঘ) কতিপয় প্রতিষ্ঠান প্রধান ই-রিকুইজিশন ফরম পূরণ করেন কিন্তু নির্ধারিত সময়ের মধ্যে নির্ধারিত ফি জমা করেন না।<br>(ঙ) এমপিও নীতিমালা অনুযায়ী পদের প্রাপ্যতা না থাকা সত্ত্বেও ভুল ই-রিকুইজিশন দিয়ে থাকেন।<br>তিনি উল্লেখ করেন নিবন্ধন পরীক্ষার পূর্বে শূন্যপদের জন্য যে তালিকা সংগ্রহ করা হয় তাতে শুধুমাত্র বিষয়ভিত্তিক পদের নাম এবং পদের সংখ্যা উল্লেখ করতে হয়। এ সংখ্যার ভিত্তিতে নিবন্ধন লিখিত পরীক্ষার ফলাফল ঘোষনা করা হয়। নিয়োগ সুপারিশের পূর্বে যে ই-রিকুইজিশন নেওয়া হয় তাতে প্রতিষ্ঠানের নাম, EIIN নম্বর, বিষয়ভিত্তিক পদের নাম, পদের সংখ্যা, এমপিও, নন-এমপিও, মহিলা কোটা ইত্যাদি বিস্তারিতভাবে উল্লেখ করতে হয়।<br>তিনি নিবন্ধন পরীক্ষা ও নিয়োগ সুপারিশ শতভাগ ত্রুটিমুক্ত ও স্বচ্ছকরণের জন্য মাঠপর্যায় থেকে প্রেরিত শূন্যপদের তালিকা যাতে শতভাগ ত্রুটিমুক্ত হয় তার উপর গুরুত্ব আরোপ করেন। | (৩.১) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা ২০২১ অনুসারে শূন্য পদের চাহিদা প্রেরণ করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(৩.২) প্রতিষ্ঠান প্রধানগণ শিক্ষক নিয়োগের জন্য শূন্য পদের চাহিদা প্রদানের সময় নবসৃষ্ট পদ, মহিলা কোটা, এমপিও, নন-এমপিও পদগুলো বরংবার যাচাই বাছাই করে শূন্য পদের তালিকা উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের নিকট প্রেরণ করবেন। উপজেলা মধ্যমিক শিক্ষা অফিসার যাচাই করে জেলা শিক্ষা অফিসারের নিকট জমা দিবেন এবং জেলা শিক্ষা অফিসার যাচাই-বাছাই করে, এন.টি.আর.সি.এ.'র নিকট প্রেরণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | এন.টি.আর.সি.এ. |

| | | | |
|---|---|---|---|
| ৪. বিবিধ । | সভায় মাঠ পর্যায়ের কর্মকর্তাবৃন্দ নিম্নবর্ণিত মতামত উপস্থাপন করেন<br>(১) বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান সমূহে শিক্ষক নিয়োগের পূর্বে তাদেরকে প্রশিক্ষণ দেয়া প্রয়োজন।<br>(২) বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান সমূহে শিক্ষকগনের বদলীর ব্যবস্থা বাস্তবায়ন করা প্রয়োজন।<br>(৩) বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানসমূহে ইনডেক্সধারী শিক্ষকগণের জন্য ভিন্ন গণবিজ্ঞপ্তির মাধ্যমে নিয়োগের ব্যবস্থা করা প্রয়োজন। | বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকগণের প্রশিক্ষণ, বদলী এবং ইনডেক্সধারী শিক্ষকগণের নিয়োগের সাথে ভিন্ন ভিন্ন দপ্তর জড়িত বিধায় বিষয় সমূহ সংশ্লিষ্ট দপ্তর/অধিদপ্তরকে জানানোর সিদ্ধান্ত গ্রহণ করা হয়। | এন.টি.আর.সি.এ. |

২. সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

EDKhan

মোঃ এনামুল কাদের খান
চেয়ারম্যান

স্মারক নম্বর: ৩৭.০৫.০০০০.০০৯.৩৮.০০১.২১.৪৮৩

তারিখ: ৩০ জ্যৈষ্ঠ ১৪২৯
১৩ জুন ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সদস্য (সকল), এনটিআরসিএ, ঢাকা

২) পরিচালক (পরীক্ষা মূল্যায়ন ও প্রত্যয়ন), পরিচালক (পরীক্ষা মূল্যায়ন ও প্রত্যয়ন) এর দপ্তর , বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ)

৩) সচিব , সচিব এর দপ্তর , বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ)

৪) উপপরিচালক (পরীক্ষা মূল্যায়ন ও প্রত্যয়ন), উপপরিচালক (পরীক্ষা মূল্যায়ন ও প্রত্যয়ন) এর দপ্তর , বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ)

৫) সহকারী পরিচালক, প্রশাসন (ক্রয় ও সেবা), উপপরিচালক (প্রশাসন ও অর্থ) এর দপ্তর , বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ)

৬) সহকারী পরিচালক, প্রশাসন (সমন্বয়), উপপরিচালক (প্রশাসন ও অর্থ) এর দপ্তর , বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ)

মোঃ ওবায়দুর রহমান
সচিব